

কেন এমন হয়

তারক রেজ

কোন স্ত্রিটে লাগলো আগুন  
কোন নদীতে বান  
কোন গাছেতে পলাশ ফাগুন  
কোন গুলিতে জান  
কোন পাহাড়ে নামলো ধস  
কোন আকাশে চাঁদ  
কোন মাঠেতে খেললে দাদা  
কোন মাঠে বরবাদ  
কোন গাগরি উপচে পড়ে  
কোন বাঁশিতে রাগ  
কোন রাধা সে উছলে ওঠে  
কোন বুকেতে দাগ  
কোন মাটিতে ফসল ফলে  
কোন খামারে জমে  
কোন শিল্প গড়ে ওঠে  
কোন শ্রমিকের শ্রমে  
কেউ জানে না কেউ জানে না  
কেন এমন হয়  
কেউ জানে না বাতাস কেন  
মরণ হয়ে বয় ।।